উঠে, অর্থাৎ ভক্তিশৈথিল্যজন্য নিজদেহে ও দৈহিক সুখ-দুঃখের অনুসন্ধানে চিত্তের আবেশ প্রকাশ পায়। কিন্তু যাঁহারা ভজনানুষ্ঠানতৎপর তাঁহাদের সেই দৈহিক সুখ-দুঃখাদি এবং আধিভৌতিক বা আধিদৈবিক অন্তরায়ে চিত্তের আবেশ ঘটে না, বরঞ্চ তাঁহারা সমাদরই করিয়া থাকেন। যেমন, সহস্রনামস্তোত্রে বর্ণিত আছে—যাঁহারা বাসুদেবের ভক্ত, তাঁহাদের কোন অমঙ্গল নাই; এমন কি জন্ম-মৃত্যু জরা-ব্যাধি হইতেও তাঁহারা কোনপ্রকার ভীত নহেন। কিন্তু সৎ সাধকের মনুষ্যদেহ রক্ষা করিবার যে ইচ্ছা জন্মে, সেই শ্রীভগবদ্-উপাসনা বৃদ্ধির লোভে অর্থাৎ "ভগবদ্ভজন করিতে করিতে তাঁহারা এমত একটি বিশেষ আস্বাদন লাভ করেন, তাহাতে মনে হয় আরও দীর্ঘদিন মনুষ্যজীবন থাকিলে সাধ মিটাইয়া শ্রীকৃষ্ণকে ভজন করিয়া জীবন ধন্য করিতে পারিতাম"—এইরূপ ভজন করিবার লালসাতেই তাঁহারা দীর্ঘকাল মনুষ্যজীবন লাভের জন্য কামনা করিয়া থাকেন। এইজন্য সে কামনা ভক্তিবিরুদ্ধ নহে, বরঞ্চ ভক্তির অনুকূলই হইয়া থাকে, কিন্তু দেহমাত্র রক্ষার লালসায় বাঁচিতে চাহেন না। যে স্থানে দেখা যাইবে নিজের হিতাহিত বিচার করিবার সামর্থ্যযুক্ত ব্যক্তির ও ভক্তিতাৎপর্যাশূন্য ভজনশৈথিল্য উপস্থিত হয়, সে স্থানে মধ্যে মধ্যে নিয়মিত অনুষ্ঠিত ভজন হইতেও ভক্তি-শৈথিল্য নিবারণের জন্য অধিক পরিমাণে স্বতন্ত্রভাবে ভজনের অনুষ্ঠান করে না; এবং ভজনের প্রতি শৈথিল্য দর্শন করিয়াও অনুতপ্ত হৃদয়ে সিদ্ধভক্ত অথবা শ্রীভগবানের নিকটে যে আকুলপ্রাণে কাঁদিয়া সেই শৈথিল্য নিবৃত্তির জন্য চেষ্টা করে না। সে স্থানে নিশ্চয়ই বুঝিতে হইবে তাহার সেই ভক্তিশৈথিল্য অপরাধকে আশ্রয় করিয়া রহিয়াছে; সেইজন্য বুঝিবার ক্ষমতা থাকা সত্ত্বেও সেই ভজনশৈথিল্য নিবৃত্তির চেষ্টা করে না। যেখানে অনুমান করা যায় যে, "তাহার অপরাধ আছে বলিয়াই অন্তরায়-নিবৃত্তির প্রবৃত্তি জন্মিতেছে না, সেস্থানে মূঢ় অথচ অসমর্থ ব্যক্তিতে অল্পভক্তির অনুষ্ঠানেই অপরাধ নিবৃত্তি হইয়া সিদ্ধিদানে সমর্থ হইতে পারে। যেহেতু সেই মূঢ় এবং অসমর্থ ব্যক্তির প্রতি দীনদয়াল শ্রীভগবানের কৃপা অধিক পরিমাণে উদিত হইয়া থাকেন, কিন্তু বিবেক-সামর্থ থাকা সত্ত্বেও অর্থাৎ "যিনি বুঝিতে পারেন যে, এটি আমার অপরাধ করা হইতেছে বা হইবে এবং অপরাধ হইলেই ভজনের ব্যাঘাত ঘটিবে"—ইহা বুঝা সত্ত্বেও সম্প্রতি যে তাহার অপরাধ উপস্থিত হয়, সেটি কিন্তু অত্যন্ত দৌরাত্ম্য-হেতুকই ঘটিয়া থাকে। আর যে স্থানে দেখা যাইবে যে, "এটি যে অপরাধ"—ইহা বুঝিবার ক্ষমতা নাই বলিয়া অপরাধ করিয়া থাকে, সেস্থানে বুঝিতে হইবে যে অত্যন্ত দৌরাত্ম্যহেতু এই